রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৭, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

সংস্থাপন শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে আশ্বিন ১৪০৩ বাং/১৫ই অক্টোবর ১৯৯৬ ইং

এস, আর, ও, নং ২৮৫-আইন/৯৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়--

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্যঃ টাকা ৪·০০

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদে অথবা পদশ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের ন্যূনতম যোগ্যতা;

(ছ) "ফিডার পদ" অর্থ কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে যে নিম্নতর পদ বা পদসমূহ হইতে পদোন্নতি দেওয়া হইবে সেই পদ বা পদসমূহ;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা ক্ষেত্রমত, শিক্ষাবোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।**—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে নিয়োগের মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রকল্পে নিয়োগের সময় প্রকল্পের নিয়োগ-বিধি অনুযায়ী অথবা সরাসরি নিয়োগের জন্য তৎসময়ে প্রচলিত সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পে যে সকল নিয়োগ দেওয়া হইয়াছে, সেই সকল নিয়োগ এই বিধিমালার আওতায় নিয়মিতকরণের ক্ষেত্রে বয়ঃসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের 'ডমিসাইল' না হন, অথবা



(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা ক্ষেত্রমত, উপবিধি (১) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি (যদি থাকে) সহ নির্ধারিত ফরমে ও তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিলে স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, নিম্নতর শ্রেণীর কোন পদ হইতে উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।**—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে নিম্নবর্ণিত মেয়াদের জন্য নিয়োগ করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্যঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

৫



(২) যে যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন/পদাবনত করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তবে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহকে চাকুরীতে স্থায়ী করিবে, এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই তবে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইবে, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন/পদাবনত করাইবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি সরকারী আদেশবলে যে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সেই সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ২৯, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ অগ্রহায়ণ ১৪১৮ বঙ্গাব্দ/২২ নভেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৫৫-আইন/২০১১।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সাথে পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—



মূল্য ঃ টাকা ৮.০০

"তফসিল
[বিধি ২(গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অতিরিক্ত মহাপরিচালক পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান), পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) অথবা পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩। | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ),<br>উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ),<br>উপ-পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) অথবা উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৪। | পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>উপ-পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ),<br>উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) অথবা<br>উপ-পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>উপ-পরিচালক (গবেষণা), রক্ষণ প্রকৌশলী, উপ-পরিচালক (প্রশাসন) অথবা উপ-পরিচালক (অর্থ), পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৬। | উপ-পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ)<br>পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৭। | উপ-পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৮। | উপ-পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ), সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) অথবা চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ইলেকট্রনিক) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৯। | উপ-পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১০। | উপ-পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১। | উপ-পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১২। | উপ-পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) অথবা চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ইলেকট্রনিক) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৩। | প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৪। | উপ-পরিচালক (গবেষণা) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** গবেষণা কর্মকর্তা (বেতার, টেলিভিশন, চলচ্চিত্র ও গণযোগাযোগ) অথবা গ্রন্থাগারিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৫। | রক্ষণ প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের সমমর্যাদার পদধারীকে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী রক্ষণ প্রকৌশলী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | উপ-পরিচালক (প্রশাসন) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক (প্রশাসন) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৭। | উপ-পরিচালক (অর্থ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক (অর্থ) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৮। | সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান অথবা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ণ কর্মে পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯। | সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান অথবা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ণ কর্মে পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২০। | সহকারী পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান বা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ণ কর্মে পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১। | সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | গণযোগাযোগ ও সাংবাদিকতা, বাংলা, ইংরেজি, ইতিহাস, সংস্কৃতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান বা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে শিল্প সাহিত্য, নাট্যকলা, সংগীত বা চলচ্চিত্রায়ণ কর্মে পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২২। | সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | চারু ও কারুকলা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। দৃশ্য পরিকল্পনা ও শিল্প নির্দেশনা কর্মে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৩। | সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | তড়িৎ-ইলেকট্রনিক, কম্পিউটার প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা পদার্থ বিজ্ঞান (ইলেকট্রনিক বিষয়সহ) অথবা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪। | সহকারী পরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | তড়িৎ-ইলেকট্রনিক, কম্পিউটার প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা পদার্থ বিজ্ঞান (ইলেকট্রনিক বিষয়সহ) অথবা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | সহকারী প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৬। | সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ক্যামেরা পরিচালনা বিষয়ে ডিপ্লোমা। |
| ২৭। | গবেষণা কর্মকর্তা (বেতার, টেলিভিশন, চলচ্চিত্র ও গণযোগাযোগ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সমাজ বিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা অথবা পরিসংখ্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে উপাত্ত বিশ্লেষণে কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৮। | গ্রন্থাগারিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে ঃ</u><br>সহকারী গ্রন্থাগারিক পদে ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ</u><br>(ক) গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(গ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ গ্রন্থাগার কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(ঘ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ গ্রন্থাগার কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(ঙ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাসহ গ্রন্থাগার কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯। | চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ ইলেকট্রনিক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ চিত্রগ্রহণ কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা: এবং<br>(খ) চলচ্চিত্রায়ণ বা ইলেকট্রনিক ক্যামেরায় চিত্রগ্রহণ বিষয়ে বিশেষ প্রশিক্ষণ। |
| ৩০। | সহকারী রক্ষণ প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উপ সহকারী প্রকৌশলী (বেতার), উপ সহকারী প্রকৌশলী (টেলিভিশন), উপ সহকারী প্রকৌশলী (শীতাতপ) অথবা উপ সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭ (সাত) সাত বৎসরের চাকরি।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>তড়িৎ প্রকৌশল বা ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩১। | সহকারী পরিচালক (অর্থ) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ<br>স্টোর অফিসার পদে ৬ (ছয়) বৎসর অথবা হিসাব রক্ষক পদে ১০ (দশ) বৎসরের চাকরিসহ স্নাতক ডিগ্রী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>অর্থনীতি বা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২। | সহকারী পরিচালক (প্রশাসন) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>প্রশাসনিক কর্মকর্তা, গণসংযোগ কর্মকর্তা অথবা হোস্টেল তত্ত্বাবধায়ক পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ স্নাতক ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৩৩। | সহকারী গ্রন্থাগারিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ গ্রন্থাগার কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(গ) গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাসহ গ্রন্থাগার কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৪। | গণসংযোগ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ স্নাতক ডিগ্রী: অথবা<br>(খ) উচ্চমান সহকারী বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে ৭ (সাত) বৎসরের চাকরি, যদি তাহাদের স্নাতক ডিগ্রী না থাকে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী, তবে গণসংযোগ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যাইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৫। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রধান সহকারী পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩৬। | স্টোর অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ভান্ডার রক্ষক পদে ৭ (সাত) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩৭। | হোস্টেল তত্ত্বাবধায়ক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কেয়ারটেকার পদে ৭ ( সাত) বৎসরের চাকরিসহ স্নাতক ডিগ্রী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৩৮। | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules,1985 অনুযায়ী। | | |
| ৩৯। | উপ-সহকারী প্রকৌশলী (বেতার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ৪০। | উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল, পাওয়ার, এয়ারকন্ডিশন বা রেফ্রিজারেশন প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪১। | উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল বা পাওয়ার বা এয়ারকন্ডিশন ও রেফ্রিজারেশন প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ৪২। | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ৪৩। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে,পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী হিসাব রক্ষক পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৪৪। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী অথবা ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪৫। | সহকারী হিসাব রক্ষক | ৩০ বৎসর | ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৫০% পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** ক্যাশিয়ার পদে ৭ (সাত) বছরের চাকরিসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার সার্টিফিকেট। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৬। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৭ (সাত) বৎসরের চাকরি । **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্নাতক ডিগ্রী। |
| ৪৭। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | Stenographers and Steno-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 এবং সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮.০৬.২০০৯ তারিখের ১৯৭৯ সম (সওব্য-২)-০১/২০০৯-১৭৪ নম্বর স্মারক অনুযায়ী। | | |
| ৪৮। | ট্রান্সপোর্ট সুপারভাইজার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্নাতক ডিগ্রী; অথবা (খ) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অটোমোবাইলে ন্যূনতম ১ (এক) বৎসর ডিপ্লোমা/ ট্রেড কোর্স এর সার্টিফিকেট। |
| ৪৯। | সিনিয়র মেকানিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | মেকানিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫০। | কেয়ার টেকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্নাতক ডিগ্রী। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫১। | ভান্ডার রক্ষক | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** বিজ্ঞান বা বাণিজ্য বা কলা বিভাগের যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ৫২। | মেকানিক | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** বিদ্যুৎ মিস্ত্রী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ১ (এক) বছর মেয়াদী রেডিও বা টিভি ট্রেডকোর্স এর সার্টিফিকেট থাকিতে হইবে। |
| ৫৩। | কাঠ মিস্ত্রী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাস। |
| ৫৪। | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৫৫। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক নির্ধারিত জামানত দিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৬। | বিদ্যুৎ মিস্ত্রী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছয় মাস মেয়াদী ট্রেড কোর্স (বৈদ্যুতিক) এর সার্টিফিকেট। |
| ৫৭। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮। | গাড়ীচালক | The Gazetted & Non-gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৫৯। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক নির্ধারিত জামানত দিতে হইবে। |
| ৬০। | ডেসপাচ রাইডার | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৬১। | অনুলিপি যন্ত্রচালক | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৬২। | এম,এল, এস, এস | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/ বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৬৩। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাসসহ সুস্বাস্থ্যের অধিকারী। আনসার বা ভিডিপি ট্রেনিংপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৪। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যম | জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাস এবং বাগান রক্ষণাবেক্ষণে বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৫। | হোস্টেল বেয়ারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬। | ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাস। |

২। এই প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে উক্ত বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত উপ-পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ), সহকারী পরিচালক (কম্পিউটার প্রশিক্ষণ) ও কম্পিউটার প্রোগ্রামার, উপাত্ত এন্ট্রি অপারেটর, সাঁট-লিপিকার এবং নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ যথাক্রমে, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার, সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে পদায়িত ও কর্মরত বলিয়া গণ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেদায়েতুল্লাহ আল মামুন**
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ০১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৭৩-আইন/২০১৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

(ক) ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| “২৬। সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) বা উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭(সাত) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সার্টিফিকেটধারী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ স্নাতক বা সমমানের ডিগ্রি |

অথবা পদার্থ বিজ্ঞান (ইলেকট্রনিক্স বিষয়সহ) অথবা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: এবং

(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সার্টিফিকেটধারী";

(খ) ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৪০। | উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রনিক্স প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মরতুজা আহমদ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, আগস্ট ২৪, ২০১৯**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬০-আইন/২০১৯।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের ক্রমিক নং ২৯ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৯। | চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ ইলেকট্রনিক) | ৩০ বৎসর | (ক) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** উপ-সহকারী প্রকৌশলী (বেতার) বা উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) বা উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ), উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সনদপ্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ ইলেকট্রনিক বা কম্পিউটার প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা পদার্থ বিজ্ঞানে (ইলেকট্রনিক বিষয়সহ)/ফলিত পদার্থ বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং (খ) ক্যামেরা পরিচালনা এবং আলোকচিত্রে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সনদপ্রাপ্ত।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd